316

দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 11 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ঢাবি ॥ শতাধিক শিক্ষক ও অর্ধশতাধিক কর্মকর্তার পদ খালি

মামুন-অর-রশীদ ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন যাবত শতাধিক শিক্ষকের পদ এবং গুরুত্বপূর্ণ অর্ধশতাধিক কর্মকর্তার পদ খালি রয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে শিক্ষকদের অনুমোদিত ১৪শ' ৫১টি পদে মোট শিক্ষক আছেন ১৩ শ' ৪৬, এক শ' পাঁচটি পদ দীর্ঘদিন যাবত খালি। বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে কর্মকর্তাদের ২৭টি পদ এবং বিভিন্ন দফতরে ৩৩টি পদসহ সর্বমোট কর্মকর্তাদের ৬০টি পদ খালি রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ৪৫টি বিভাগ ও ৭টি ইনস্টিটিউটে অনুমোদিত ৫শ' ৭টি অধ্যাপক পদে কর্মরত আছেন ৪শ' ৮৪ জন। অধ্যাপকের ২৩টি পদ খালি রয়েছে। সহযোগী অধ্যাপক পদে অনুমোদিত দু'শ ৯৭টি পদে কর্মরত আছেন দু'শ ৮১ জন। সহযোগী অধ্যাপকের পদ খালি রয়েছে ১৬টি। সহকারী অধ্যাপকের জন্য অনুমোদিত তিন শ' ৬১টি পদে কাজ করছেন তিন শ' ২৪ জন। সহকারী অধ্যাপকের ৩৭টি পদ খালি রয়েছে। লেকচারারদের জন্য দু'শ ৮৬টি পদে কর্মরত আছেন দু'শ ৫৭ জন। পদ খালি আছে ২৯টি। এছাড়া ৭৯টি খণ্ডকালীন শিক্ষকের পদে কর্মরত আছেন ৭৮ জন।

প্রাণ রসায়ন ও মাইক্রোবাইওলজি বিভাগে শিক্ষকের পদ খালি সবচেয়ে বেশি। প্রতিটি বিভাগে ছ'টি করে পদ খালি রয়েছে। অকল্পনীয় হলেও সত্য যে ১১টি শূন্য পদ নিয়েই বিভাগীয় কার্য চালিয়ে যাচ্ছে পদার্থ বিজ্ঞান বিভাগ। এছাড়া অর্থনীতি ও ভাষাতত্ত্ব বিভাগে চার জন করে, বাংলা বিভাগ মার্কেটিং বিভাগ, ফলিত পদার্থ বিজ্ঞান, পরিসংখ্যান, উদ্ভিদ বিদ্যা, প্রাণিবিদ্যা, ফার্মেসি এবং নৃবিজ্ঞান বিভাগে শিক্ষকদের তিনটি করে পদ খালি রয়েছে। ইংরেজী বিভাগ, সাংবাদিকতা, হিসাব বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, ইসলামিক স্টাডিজ ও পরিসংখ্যান ও গবেষণা ইনস্টিটিউটে শিক্ষকদের দু'টি করে পদ খালি রয়েছে। বেশিরভাগ বিভাগে একটি করে পদ খালি আছে বলে জানা গেছে। বিভাগ ও ইনস্টিটিউটসমূহে প্রশাসনিক কর্মকর্তাদের জন্য অনুমোদিত এক শ' ৫১টি পদে কর্মরত আছেন এক শ' ২৪ জন। ২৭টি পদই খালি রয়েছে। এছাড়া বিভিন্ন দফতরে কর্মকর্তাদের জন্য অনুমোদিত তিন শ' ৪৯টি পদের মধ্যে তিন শ' ১৬ পদে কর্মকর্তা আছে। বাকি ৩৩টি পদ দীর্ঘদিন যাবত খালি রয়েছে। এগুলো খুবই গুরুত্বপূর্ণ ও দায়িত্বপূর্ণ পদ।